দৈনিক সংবাদ

28 NOV 1996
পৃষ্ঠা ৭ কলাম ৫

# বুয়েটে নয়া উপাচার্য দায়িত্ব নিয়েছেন

( বুয়েট সংবাদদাতা )

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নয়া উপাচার্য হিসেবে বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক এবং প্রবীণ শিক্ষক ডঃ ইকবাল মাহমুদ গতকাল বুধবার দায়িত্বভার গ্রহণ করেন।

ভারপ্রাপ্ত উপাচার্য ডঃ মিজানুর রহমান গতকাল দুপুর ১টায় তাকে উপাচার্যের দায়িত্বভার বুঝিয়ে দেন।

দায়িত্বভার গ্রহণের পরপরই তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমসহ সার্বিক কর্মকান্ডে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার লক্ষ্যে শিক্ষকদের সঙ্গে মতবিনিময় করেছেন।

ডঃ ইকবাল মাহমুদ ১৯৬০ সালে তৎকালীন আহসান উল্লাহ ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে প্রথম শ্রেণীতে প্রথম স্থান লাভ করে একই বছর উক্ত কলেজের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে লেকচারার হিসেবে যোগদান করেন। ১৯৬২ সালে অধ্যাপক ডঃ ইকবাল মাহমুদ যুক্তরাজ্যের ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়

উপাচার্য ঃ পৃঃ ৭ কঃ ৮

## উপাচার্য ঃ দায়িত্ব নিয়েছেন

( ১ম পৃষ্ঠার পর )

থেকে এমএসসি এবং ১৯৬৪ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

১৯৭৪ সালে অধ্যাপক হিসেবে নিয়োগলাভের পর তিনি কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান এবং ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মন্ত্রিপরিষদে প্রতিমন্ত্রী হিসেবে কৃষি ও বন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত ছিলেন। পরে মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন। এছাড়া তিনি গ্রামীণ ব্যাংক ও সোনালী ব্যাংকের পরিচালনা পরিষদের চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি একাধিক জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা ও কমিটির সদস্য। তিনি ১৯৪০ সালে কলকাতায় জন্মগ্রহণ করেন।

উপাচার্য পদে নিয়োগলাভের পর পর প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে ডঃ ইকবাল মাহমুদ বলেছেন, 'শিক্ষক হিসেবে অনেক দিন পর্যন্ত এই বিশ্ববিদ্যালয়ে কাজ করেছি এবং উপাচার্য হিসেবে এখানে কাজ করার সুযোগ পাওয়ায় আমি গর্বিত।'

ডঃ ইকবাল মাহমুদ বলেন, সেশনজট কমিয়ে আনার জন্য তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। বিশ্ববিদ্যালয় স্বাভাবিক অবস্থায় ফিরে আসলে বিশ্ববিদ্যালয়ের নিষেধাজ্ঞা প্রত্যাহার করে ইউকসু নির্বাচন দেয়ারচিন্তাভাবনাকরবেন।

শিক্ষক সমিতি আজ বৃহস্পতিবার সকাল ১১টায় সাধারণ সভার মাধ্যমে তাদের কর্মবিরতি প্রত্যাহার করবে। উপাচার্য পদে ডঃ ইকবাল মাহমুদের নিয়োগকে শিক্ষক সমিতি তাদের আন্দোলনের বিজয় বলে মনে করছে। বিভিন্ন রাজনৈতিক সংগঠন এবং সাধারণ ছাত্রছাত্রীরা নতুন উপাচার্য পদে ডঃ ইকবাল মাহমুদকে নিযুক্ত করায় সন্তোষ প্রকাশ করেছে।